

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২২৪-আইন/আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৭৩-আয়কর/২০০৯ রহিতক্রমে—

- (১) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্পবার্জ হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয় নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর প্রদান করা হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—
- (ক) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ—
- (অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রীপ্রতি ৭৫.০০ টাকা;

( ১০৮৪৭৩ )

মূল্য : টাকা ৪.০০

- (আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ১০০.০০ টাকা;
- (ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ৭৫.০০ টাকা।
- (খ) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ—
- (অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রীপ্রতি ২৫.০০ টাকা;
- (আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ৩৫.০০ টাকা;
- (ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্পবার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ২৮.০০ টাকা।
- (গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফাসমূহে বর্ণিত হারে আয়কর সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের পূর্বে প্রদান করিতে হইবে।
- (ঘ) দফা (ক) ও (খ) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।
- (ঙ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

- (১) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্পবার্জ হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।
- (২) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ক) এ বর্ণিত নৌ-যানের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণ এর দশ গুণ আয়কর উক্ত নৌ-যান রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে কোন করদাতার আয়, যাহা উক্ত নৌ-যান ক্রয় বা অর্জনে বিনিয়োগ করা হইয়াছে, আয়কর হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে।
- ২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)।